REG· NO·C· 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ দুই টাকা। নগদ মূল্য ৵৹ দুই পয়সা বাংসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যার নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ হার পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীহিমাংশু কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

২৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১০ই মাঘ বুধবার ১৩৪৬ ইংরাজী 24th January 1940 | ৩৩শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠ-পোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

নূতন বীমা
৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর

—বোনাস—
প্রতি বৎসর প্রতি হাজারে
মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

চলতি বীমা	...	১৬ কোটি ৩৪ লক্ষের উপর
বীমা তহবিল	...	২ „ ৯৬ লক্ষের „
মোট সংস্থান	...	৩ „ ৩৬ „ „
প্রিমিয়াম আয়	... ...	৭৪ „ „
দাবী শোধ	...	১ কোটি ৮৫ „ „

হেড আফিস—হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা
ব্রাঞ্চ—বোম্বে, মান্দ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।
এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

মহা সমর! মহা সমর!!
এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী
মুলজী সিক্কা এণ্ড কোং
হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।
শাখাসমূহ :—২৬৪, ২৬৫, ২৬৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরারগঞ্জ, মজফরপুর বি-এন-ডবলিউ-আর।
ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া (সি, পি) বি-এন-আর।
আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।
দরের জন্য পত্র লিখুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ।

১০ই মাঘ বুধবার সন ১৩৪৬ সাল

প্রতারণার অভিযোগে অব্যাহতি

স্থানীয় মোক্তার শ্রীযুক্ত নীলরতন কর্ম্মকার মহাশয়ের অভিযোগক্রমে কলিকাতার কোনও এক ভূয়া কোম্পানীর শেয়ার বিক্রয় করিয়া প্রতারণা করিবার অভিযোগে জঙ্গিপুর রোড রেল ষ্টেশনের সহকারী ষ্টেশন মাষ্টার শ্রীযুক্ত মনোমোহন তালুকদার মহাশয় জঙ্গিপুরের মহকুমা ম্যাজিষ্ট্রেটের এজলাসে অভিযুক্ত হন। গত ৩রা জানুয়ারী তারিখে মহকুমা ম্যাজিষ্ট্রেট বাহাদুর মনোমোহন বাবুর বিরুদ্ধে ফরিয়াদির অভিযোগ ভিত্তিহীন সাব্যস্ত করিয়া ফৌজদারী কার্যবিধির ২৫৩(২) ধারামতে আসামীকে খালাস দিয়াছেন।

নর্দ্দমার জল

জঙ্গিপুর মিউনিসিপালিটীর ৪নং ওয়ার্ডে রঘুনাথগঞ্জ এম, ই, স্কুলের সম্মুখে রাস্তার পার্শ্বে কাঁচা ড্রেণে শ্রীযুক্ত দুর্গাপদ দে মহাশয়ের বাড়ীর ভ্যাট ও পায়খানার জল আসিয়া জমিতেছে। এই দুর্গন্ধ জলে স্কুলের ছাত্রগণের স্বাস্থ্যহানি হইবার যথেষ্ট সম্ভাবনা আছে। আমরা এই বিষয়ে মিউনিসিপালিটীর চেয়ারম্যান বাহাদুরের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

রহমানিয়া লাইব্রেরী

আমরা বিগত ১৮ই পৌষ তারিখের 'জঙ্গিপুর সংবাদে' রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের পুস্তকের দোকানের তালিকা প্রকাশ করিয়াছিলাম। উহাতে রহমানিয়া লাইব্রেরীর নাম উল্লেখ করা হয় নাই। এই লাইব্রেরী রঘুনাথগঞ্জ দরবেশপাড়ায় অবস্থিত।

চাউলের দর

রঘুনাথগঞ্জ বাজারে সাধারণ মোটা নূতন আছাঁটা চাউল প্রতি টাকায় ।১৸০ পৌনে বার সের দরে বিক্রয় হইতেছে। মিহি চাউলের আমদানী নাই। সাধারণ চাউলও আশানুরূপ আমদানী হইতেছে না। দরও ইহা অপেক্ষা বৃদ্ধি পাইবে বলিয়া আশা করা যায় না।

রাস্তায় ধূলি

জঙ্গিপুর মিউনিসিপালিটীর সদর রাস্তায় খুব বেশী ধূলি হইয়াছে। গরুর পাল ও মোটরগাড়ী চলাচলের সময় রাস্তা দিয়া যাতায়াত করা কঠিন হইয়া পড়ে। ধূলি নিবারণের উপায় করা একান্ত আবশ্যক। এই বিষয়ে মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

বকরাঈদ পর্ব্ব

স্থানীয় মুসলমানগণের বকরাঈদ পর্ব্ব নির্ব্বিঘ্নে সুসম্পন্ন হইয়া গিয়াছে। রঘুনাথগঞ্জ কাছারীর সন্নিকটস্থ নূতন মসজিদে এই পর্ব্ব যথারীতি সম্পন্ন হইয়াছে। নমাজের জন্য নির্দ্ধারিত সময়ের পূর্ব্বে দলে দলে বহু লোক আসিয়া মসজিদ প্রাঙ্গণে সমবেত হইয়াছিলেন।

ক্যালকাটা কমার্শিয়াল ব্যাঙ্ক লিমিটেড

ক্যালকাটা কমার্শিয়াল ব্যাঙ্ক লিমিটেডের কর্ত্তৃপক্ষ রঘুনাথগঞ্জে উক্ত ব্যাঙ্কের একটী শাখা খুলিবার চেষ্টা করিতেছেন। স্থানীয় ডাক্তার বাবু রাসবিহারী বন্দ্যোপাধ্যায় মহাশয় যাহাতে এখানে এই ব্যাঙ্কের শাখা স্থাপিত হয় তজ্জন্য যথাসাধ্য চেষ্টা করিতেছেন। ব্যাঙ্ক থাকিলে ব্যবসায়ীদের যথেষ্ট সুবিধা হইবে সন্দেহ নাই। প্রত্যেক সহরেই ব্যাঙ্কের প্রতিষ্ঠা হওয়া আবশ্যক।

অত্যধিক শীতে দরিদ্রদের দুরবস্থা

এ বৎসর বঙ্গদেশে অত্যধিক শীত পড়িয়াছে এবং তাহা দীর্ঘ স্থায়ী হওয়ায় দরিদ্রদের অত্যন্ত কষ্ট হইতেছে। পূর্ব্বকালে শীতাগমে ধনী জমিদারগণ দরিদ্রগণকে শীতবস্ত্র ও কম্বল বিতরণ করিতেন। বর্ত্তমানে জমিদারগণের অবস্থা মন্দ হইয়াছে। এতদ্ব্যতীত জমিদার ও প্রজাদের মধ্যে সম্পর্ক একদল লোক এরূপ তিক্ত করিয়া তুলিয়াছে যে উভয় উভয়ের সহিত পূর্ব্বের ন্যায় ব্যবহার করেনা।

সম্রাটের যক্ষ্মা নিবারণী ভাণ্ডার

গত ২রা জানুয়ারী পর্য্যন্ত সম্রাটের যক্ষ্মা নিবারণী ভাণ্ডারের বাঙ্গালার কোষাধ্যক্ষের নিকট যে টাকা চাঁদা সংগৃহীত হইয়াছে, তাহার পরিমাণ ৭,৯২,০১৩—৯—০ পাই

স্যার অতুল চট্টোপাধ্যায়

রয়াল সোসাইটি অব আর্টসের কাউন্সিল স্যার রেজিনাল্ড গ্ল্যান্সির স্থলে স্যার অতুল চট্টোপাধ্যায়কে চেয়ারম্যান নির্ব্বাচিত করিয়াছেন। ভারতীয়দের মধ্যে স্যার অতুল চট্টোপাধ্যায়ই সর্ব্বপ্রথমে ঐ পদে নির্ব্বাচিত হইলেন।

হত্যা ও আত্মহত্যা

মেদিনীপুর—ঘাটাল দাসপুর থানার অন্তর্গত হরিরামপুর গ্রামের আশুতোষ চক্রবর্ত্তী নামক এক ব্যক্তি নিজের স্ত্রী ও এক বৎসর বয়স্কা একমাত্র কন্যাকে হত্যা করিয়া পরে নিজে গলায় দড়ি দিয়া আত্মহত্যা করিয়াছে। ঘটনার পরের দিন সকালে আশুতোষ চক্রবর্ত্তীকে বাটীর সদর দরজার সম্মুখে গলায় দড়ি দেওয়া মৃত অবস্থায় ঝুলিতে দেখিয়া গ্রামের লোক পুলীশে খবর দেয় এবং পুলীশ ঘটনাস্থলে আসিয়া উপস্থিত হয়। মৃত্যুর কারণ কিছুই এ পর্য্যন্ত জানা যায় নাই। জোর পুলীশ তদন্ত চলিতেছে।

গঙ্গাসাগর স্নান

এ বৎসর গঙ্গাসাগর মেলায় ভারতের নানা স্থান হইতে প্রায় ৬০ হাজার যাত্রীর সমাগম হইয়াছিল। জাহাজ হইতে উঠা নামার সময়ে এরূপ ভীড় হইয়াছিল যে স্বেচ্ছাসেবকগণ সাহায্য না করিলে কতিপয় বৃদ্ধ, নারী ও শিশু পদদলিত কিম্বা জলে নিক্ষিপ্ত হইত। কলিকাতার বজরঙ্গ পরিষদের সম্পাদক শ্রীযুক্ত রামলক্ষ্মণ তেওয়ারী এবং সহকারী সভাপতি শ্রীযুক্ত মতিলাল দেওয়া একশত স্বেচ্ছাসেবকসহ মেলার সর্ব্বত্র বিশেষতঃ কপিল মুনির নূতন মন্দিরের নিকট নানা ভাবে যাত্রীদিগকে সাহায্য করিয়াছেন। এ পর্য্যন্ত সঙ্গী বা আত্মীয়-স্বজন হইতে বিচ্যুত চারি শত লোককে তাহাদের সঙ্গী বা আত্মীয়-স্বজনের হাতে দেওয়া হইয়াছে, কয়েকজন চোর ও পকেটকাটাকে ধরিয়া পুলীশের হাতে দেওয়া হইয়াছে এবং কলেরায় আক্রান্ত ৮ জন লোককে চিকিৎসা করা হইয়াছে।

পুনরায় মুসলমান ছাত্রদের জন্য বৃত্তি

বাঙ্গলা গভর্ণমেণ্ট পূর্ব্বের তালিকা ব্যতীত কেবল মুসলমান ছাত্রদিগকে ১ লক্ষ ১০ হাজার টাকা বৃত্তি দিবেন। তাহা বর্ত্তমান বৎসরের বাজেট হইতে প্রদান করিবেন স্থির করিয়াছেন।

বিশুদ্ধ আটা

বাঙ্গলা গভর্ণমেণ্ট একটী জনহিতকর পরিকল্পনা করায় আমরা গভর্ণমেণ্টকে অভিনন্দিত করিতেছি। বাঙ্গালীর স্বাস্থ্যরক্ষা করা বাঙ্গলা গবর্ণমেণ্টের অন্যতম কর্ত্তব্য। বাঙ্গলা গভর্ণমেণ্ট আটার শ্রেণী বিভাগ করিতে আরম্ভ করিয়াছেন। ১৯৩৭ সালের কৃষিজাত দ্রব্যাদির শ্রেণী বিভাগ ও বিক্রয়াদি সম্পর্কিত আইন অনুসারে এই কার্য্য সম্পাদিত হইতেছে। বাঙ্গলা গভর্ণমেণ্ট এই উদ্দেশ্যে কলিকাতার একটী ময়দার কলের উৎপন্ন আটা ভারত গভর্ণমেণ্টের মার্কেটিং অফিসার দ্বারা শ্রেণীবিভাগ করিতে ক্ষমতা প্রদত্ত হইয়াছে। তথাকার আটার 'আগমার্ক হোলমিল' নামকরণ করা হইয়াছে। এই আটা উত্তম ও পরিস্কৃত গম হইতে প্রস্তুত করা হইবে, উহা উত্তমরূপে রক্ষিত হইবে ও ইহা দুর্গন্ধ হইতে মুক্ত থাকিবে। কেবলমাত্র চন্দৌসী আটা হইতে তৈরী। গত ১লা ডিসেম্বর হইতে এই আটা /২॥ সের, /৫ সের, ।০ সের ও অর্দ্ধ মণের কাপড়ের বস্তায় বিক্রয় হইতেছে। প্রত্যেক বস্তায় শ্রেণী বিভাগের লেবেল লাগান থাকে। ইহা ব্যতীত প্রত্যেক লেবেলে যে শ্রেণীর আটা হইতে ইহা তৈয়ারী তাহার নাম, প্রকৃত ওজন, বস্তা ও বন্দিকারকের নাম ও তারিখ থাকে। এই আটা কলিকাতার বিভিন্ন অঞ্চলে মুদীর দোকানে ও বাঙ্গলার জেলাসমূহে পাওয়া যাইবে। ক্রেতাগণ ভাল ও স্বাস্থ্যকর আটা পাইবে তাহার প্রতিশ্রুতি দেওয়া হয়।

বাজারে যে আটা বিক্রয় হয় তাহার সহিত বহু ভেজাল দ্রব্য, চালের গুঁড়া, পাথর গুঁড়া প্রভৃতি শরীরের অনিষ্টকর পদার্থ মিশ্রিত থাকে। এই আটা বাঙ্গলায় প্রচলিত হইলে জনসাধারণের স্বাস্থ্য রক্ষার ব্যবস্থা হইবে। বাজার হইতে দূষিত খাদ্যদ্রব্য বন্ধ করিবার জন্য বাঙ্গালা দেশে এই প্রথম প্রচেষ্টা। বাঙ্গালী আটা খায় না, পশ্চিম বঙ্গের

অতি কম গৃহেই একবেলা আটার ব্যবহার চলে। সে জন্য সমগ্র বাঙ্গালার অধিবাসীদের পক্ষে বিশুদ্ধ আটা বিক্রয়ে বিশেষ কোনও উপকার হইবে না। গভর্ণমেণ্ট যদি বাঙ্গালীর স্বাস্থ্য রক্ষার জন্য প্রকৃতই উৎকণ্ঠিত হন, তাহা হইলে চাউলের কলে যে চাউল উৎপন্ন হয় তাহাতে চাউলের উপরের আবরণ বজায় থাকে তাহার ব্যবস্থা করা তাঁহাদের উচিত এবং জাপানের ন্যায় আইন প্রণয়ন করিয়া তাহা বাধ্যতামূলক করা কর্ত্তব্য। ইহাতে বাঙ্গালীর স্বাস্থ্য বজায় থাকিবে। এতদ্ব্যতীত সরিষার তৈল প্রভৃতি যাহাতে বিশুদ্ধ পাওয়া যায় তাহার ব্যবস্থা করিতে হইবে। সরিষার তৈলে খনিজ তৈল ও অন্যান্য স্বাস্থ্যহানিকর তৈল মিশান কঠোর হস্তে বন্ধ করা প্রয়োজন। গভর্ণমেণ্ট এ সকল বিষয়ে অবিলম্বে সজাগ হউন।

বঙ্গীয় ব্যবস্থা পরিষদের অধিবেশন

আগামী ১৫ই ফেব্রুয়ারী হইতে বঙ্গীয় ব্যবস্থা পরিষদের বাজেট সেসন আরম্ভ হইবে।

অতিরিক্ত ম্যাট্রিক পরীক্ষার ফল

ফেব্রুয়ারী মাসের প্রথম সপ্তাহে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত ম্যাট্রিকুলেশন পরীক্ষার ফল বাহির হইবে।

বাংলা সরকারের জনশিক্ষা ও সেবার অভিনব উদ্যম

আমতলা—মুর্শিদাবাদ

বাংলা সরকার প্রত্যেক জেলায় জনসেবা সঙ্ঘের বাহিনী প্রেরণ করিয়াছেন। বাহিনীর সঙ্গে একজন ডাক্তার এবং কম্পাউণ্ডার আছে। বাহিনী আমতলা কেন্দ্রে সপ্তাহকাল যাবত সিনেমা প্রদর্শন করিয়াছে—কৃষি-শিল্প-স্বাস্থ্য ব্যতীত নানাবিধ বৈজ্ঞানিক তথ্য, লোহার কারখানা, রবারের কারখানা, তীর্থযাত্রা প্রভৃতি নানাবিধ জ্ঞাতব্য বিষয়ের চিত্র প্রদর্শিত হয়। প্রত্যহ সন্ধ্যায় সহস্রাধিক লোক সমবেত হইত। পল্লী-নারীরাও দৃশ্যস্থলে উপস্থিত হইত। অপরাহ্নে মেলা বসিত—মেলায় সরকারী প্রতিষ্ঠানে প্রস্তুত নানাবিধ শিল্প দ্রব্যের সঙ্গে অনেক-প্রকারের চার্টও থাকিত। সে সকল লোককে বুঝাইয়া দেওয়া হইত। লোকেরা নানা প্রশ্ন জিজ্ঞাসা করিত—তাহারও উত্তর দেওয়া হইত। সিনেমা আরম্ভের পূর্ব্বে বাংলা সরকার গত দুই বৎসর যাবৎ জন-উন্নয়ন সম্বন্ধে যে সব কার্য্য করিয়াছেন তাহারও অলোচনা হইত। প্রাতে বাহিনীর ডাক্তার রোগী দেখিতেন, বাহিনীর অফিসার, ডাক্তার ও প্রধান অপারেটার পল্লীবাসীর বাড়ীতে গিয়া উন্নতিকর নানা বিষয়ের আলোচনা করিত। এই সপ্তাহ কালে গ্রামে জনগণের মধ্যে জানিবার ও উন্নতি করিবার একটা বিপুল কৌতুহলের উদ্ভব হয়। প্রত্যহ দূরবর্ত্তী গ্রামের লোকেরা বাহিনীকে তাহাদের গ্রামে যাইতে আহ্বান করিত। রাস্তার অসুবিধাই এ কার্য্যের প্রধান অন্তরায় ছিল। বিদ্যালয়গুলি ছাত্রগণের পক্ষে বিশেষ ভাবে উপযোগী ফিল্মের জন্য নানা প্রস্তাব করিয়াছে। প্রদর্শিত শিল্প, পশু-চিকিৎসা কৃষির ও গৃহপালিত পশুর উৎকর্ষ সম্বন্ধে কর্ম্মপন্থা অবলম্বন করিবার জন্য তাহারা বাহিনীকে অনুরোধ করিয়াছে। জেলা-পতি জেলার উন্নতি সম্বন্ধে এবং বাংলা সরকার এ জেলার উন্নতি সম্বন্ধে যে যে অনুষ্ঠান প্রতিষ্ঠান গঠন করিয়াছেন, সে সম্বন্ধে পল্লীবাসিকে অনেক তথ্য জ্ঞাপন করা হইয়াছে। আমাদের পল্লীর মধ্যে বিরাজ করে এক প্রগাঢ় উদাসীনতা ও অজ্ঞতা। বাংলা সরকার এই উদাসীনতা ও অজ্ঞতার বিরুদ্ধে একটা বিরাট অভিযান আরম্ভ করিয়াছেন—প্রজারঞ্জনের কর্ম্মপ্রবাহকে উপযুক্ত করিয়া দিয়াছেন।

ব্যবসায়ীর কারাদণ্ড

ব্যবসায়ে অত্যধিক লাভ করিবার অপরাধে রাঁচির সহকারী ম্যাজিষ্ট্রেট, ভগবতীপ্রসাদ তেওয়ারী নামক জনৈক ব্যবসায়ীর প্রতি ৬ মাস কারাদণ্ড ও ৫০৲ টাকা অর্থদণ্ডের আদেশ দিয়াছেন। এই প্রকার আরও ২০টী মামলা রাঁচির ফৌজদারী আদালতে বিচারাধীন আছে।

বাঙ্গালী হিন্দুদের জন্য যুগলকিশোর বিরলার দান

শেঠ যুগলকিশোর বিরলা বাঙ্গালী হিন্দু যুবকগণের শিল্প-বাণিজ্য শিক্ষার ব্যবস্থা করার নিমিত্ত মিঃ এস, এন, ব্যানার্জ্জি ও ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জ্জীর হাতে আগামী ৩ বৎসর কাল প্রতি বৎসর ৩৬ হাজার টাকা হিসাবে দিতে প্রতিশ্রুত হইয়াছেন। শেঠ যুগলকিশোর বিরলা প্রয়োজন মত এই দানের পরিমাণ আরও বৃদ্ধি করিতে প্রস্তুত আছেন বলিয়াও জানা গিয়াছে।

ব্যাঘ্র শিকার

নদীয়ার বেলপুকুরের করিম সেখ তাতলার জঙ্গলে একটী ব্যাঘ্র শীকার করিয়াছে।

নিকেলের আধ আনী

শীঘ্রই নব প্রচারিত দুই-আনীর গঠনে নিকেলের আধ আনী প্রচারিত হইবে। ইহার নক্সা গভর্ণমেণ্টের অনুমোদন লাভ করিয়াছে। ইহার আকার দুই আনী অপেক্ষা ছোট হইবে। কর্ত্তৃপক্ষের বিশ্বাস ইহা অত্যন্ত জনপ্রিয় হইবে। দরিদ্রগণ ইহার জন্য অধিক আগ্রহ দেখাইবে বলিয়া অনেকের বিশ্বাস। আধ আনী বাজারে প্রচলিত হইলে পয়সার ব্যবহার আরও কমিবে বলিয়া মনে হয়।

নেপাল ও বঙ্গদেশ

এবারকার হিন্দু মহাসভার অধিবেশনে সভাপতি মহাশয় স্বীয় অভিভাষণে নেপালের কথা বিশেষরূপে উল্লেখ করিয়াছেন। তাঁহার মতে ভারতের জাতীয়তা হইতে নেপালকে বাদ দিলে চলে না। কারণ নেপাল হিন্দু রাজ্য—বিশেষ স্বাধীন। গত ২৮শে ডিসেম্বর কলিকাতা টাউন হলে করপোরেশনের পক্ষ হইতে নেপালের মহারাজাকে এক অভিনন্দন পত্র দেওয়া হয়। তাহার উত্তরে মহারাজা বাংলার সহিত নেপালের নিকট-সম্বন্ধ স্বীকার করিয়া আনন্দ প্রকাশ করেন। তিনি বলেন, যখন বিহার ও বাংলা এক প্রদেশ ছিল, তখন নেপালের সীমান্ত বাংলাদেশের মধ্যে একশত মাইলেরও অধিক প্রসারিত ছিল। এখনও বাংলা দেশ ও নেপালের যোগাযোগ একশত মাইলের ভিতরেই আছে। নেপাল রাজ্যের আমদানী রপ্তানী কলিকাতা বন্দর দিয়াই হইয়া থাকে। সুতরাং বাণিজ্য ব্যবসায়ে নেপালকে বাংলা দেশের উপরই প্রধানতঃ নির্ভর করিতে হয়।

গুপ্ত ঘাতকের গুলিতে নিহত হিন্দু নেতা

পাঞ্জাবের বিশিষ্ট হিন্দু নেতা রায় বাহাদুর বেলীরাম ধাবন টোঙ্গায় করিয়া রেলওয়ে ষ্টেশন যাইবার পথে জনৈক পাঠান গুপ্ত ঘাতকের গুলিতে ২রা জানুয়ারী নিহত হইয়াছেন। তিনি কলিকাতা নিখিল হিন্দু মহাসভায় যোগদান করিয়া সবে মাত্র পাঞ্জাবে ফিরিয়া ছিলেন। তিনি ডেরা ইসমাইল খাঁর একজন প্রসিদ্ধ এডভোকেট ও বহুদিন তত্রত্য সরকারী উকীল ছিলেন।

নিহত রায় বাহাদুরের এক ভ্রাতা ফেডারেশন পাবলিক সার্ভিস কমিশনের সভ্য ও অপর এক ভ্রাতা অমৃতসরে সেসন জজ। আততায়ীকে ধৃত করিবার জন্য পুলিশ বিশেষ চেষ্টা করিতেছে এবং হাজার টাকা পুরস্কার ঘোষণা করা হইয়াছে। তিনি তিন পুত্র ও স্ত্রী রাখিয়া গিয়াছেন।

যুদ্ধ তহবিল

আমাদের মহামান্য বড়লাট বাহাদুর কর্ত্তৃক উন্মুক্ত যুদ্ধ তহবিলে, এ পর্য্যন্ত ষাট লক্ষ টাকার উপর জমা হইয়াছে। উহার মধ্যে কতকগুলি দান সর্ত্তাধীন। যথা, যুদ্ধ সম্পর্কীয় হাসপাতাল ও এম্বুলেন্স, বিমান ক্রয়, সৈন্যদের আরাম বিধান এবং যুদ্ধে আহত, নিহত, অন্ধ, অক্ষম প্রভৃতি ব্যক্তিদের পরিবারবর্গের সাহায্য প্রদানের উদ্দেশ্যে ঐ দান ব্যয়িত হইবে। ঐ সকল মহৎ কার্য্যের জন্য যাঁহারা অকাতরে অর্থদান করিয়াছেন, তাঁহারা প্রকৃতই হৃদয়বান ও পরম ধর্ম্ম অর্জ্জন করিয়াছেন। মহানুভব বড়লাট বাহাদুর এই ধনভাণ্ডার সৃষ্টি করিয়া অশেষ কল্যাণের পথ উন্মুক্ত করিয়াছেন। সম্প্রতি উক্ত তহবিল হইতে অবিলম্বে ব্রিটিশ রেডক্রশ সোসাইটির সেণ্ট্রাল জয়েণ্ট ওয়ার কমিটিতে ৫০ হাজার টাকা, ভারতীয় রেডক্রশ সোসাইটির সেণ্ট্রাল জয়েণ্ট ওয়ার কমিটি ও সেণ্টজন এম্বুলেন্স এসোসিয়েসনের হস্তে এক লক্ষ টাকা ও অন্ধ সৈনিক, নাবিক, বিমান চালকদের জন্য সেণ্টজন ষ্টাম হোষ্টেলে এক লক্ষ টাকা পাঠাইবার জন্য আদেশ হইয়াছে।

শ্রীযুক্ত পার্ব্বতীচরণ রায় বি-এ প্রণীত

কবির স্বপ্ন-সুষমা

ছন্দে ও গানে

অভিনব ধারাবাহিক মনোমুগ্ধকর প্রেমকাব্য। তুলট কাগজে ঝক্‌ঝকে ছাপা। সুরঙীন প্রচ্ছদপট। উপহার ও উপভোগে অনুপম। ল্য পাঁচ মূ সিকা

প্রকাশক ও প্রাপ্তিস্থান :—

ডি, এম, লাইব্রেরী

৪২ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা।

বয়েজ লাইব্রেরী,

জঙ্গীপুর — মুর্শিদাবাদ।

সকল প্রকার গ্রামোফোন
মেসিন ও রেকর্ড
নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যায়।

ডি, পি, গাঙ্গুলী
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

ঘরের কবিরাজ ঘরে ফিরে এলো

রঘুনাথগঞ্জের প্রবীণ কবিরাজ স্বর্গীয় ৺কৃষ্ণচৈতন্য সেন মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র কবিরাজ শ্রীঅতুলকৃষ্ণ সেনগুপ্ত মহাশয় এতদঞ্চলে সকলেরই সুপরিচিত। বিগত ২৭ বৎসরকাল ধুলিয়ানে থাকিয়া আয়ুর্ব্বেদীয় চিকিৎসাকার্য্যে যথেষ্ট অভিজ্ঞতা ও সুনাম অর্জ্জন করিয়াছেন। তিনি সম্প্রতি তাঁহার রঘুনাথগঞ্জের পৈত্রিক বাসভবনে থাকিয়া চিকিৎসা কার্য্য পরিচালনা করিবার ইচ্ছা করিয়াছেন। ধুলিয়ানবাসিগণের সনির্ব্বন্ধ অনুরোধে প্রতি রবিবার তথাকার রোগিগণের চিকিৎসার জন্য যাইতে সম্মত হইয়াছেন। গরীব দুস্থ রোগিগণের চিকিৎসা কার্য্যে তিনি তাঁহার স্বর্গীয় পিতৃদেবের পদাঙ্ক অনুসরণ করিবেন তাহাতে কোন সন্দেহ নাই।



অতুল আনন্দের সহিত আজ আমরা আমাদিগের পৃষ্ঠপোষক, শুভানুধ্যায়ী ও নেতৃবর্গকে জানাইতেছি যে ১৯৪০ খৃষ্টাব্দের আগামী ১লা ফেব্রুয়ারী তারিখে আমাদের এই প্রাচীন ও সুপ্রতিষ্ঠিত আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান কলিকাতা চিত্তরঞ্জন এভিনিউ সাউথ ঠিকানায় নব প্রতিষ্ঠিত প্রাসাদোপম "জবাকুসুম হাউসে" স্থানান্তরিত হইবে।

যাঁহাদিগের শুভেচ্ছার বলে এই "জবাকুসুম" প্রতিষ্ঠান এবং আয়ুর্ব্বেদীয় বিদ্যালয় ও ঔষধালয় আজ সর্ব্বজনসমাদৃত হইয়াছে এবং যাঁহাদিগের ঐকান্তিক আগ্রহ ও সহযোগিতার বলে আয়ুর্ব্বেদ আজ চিকিৎসা-জগতে অতুলনীয় মর্য্যাদার আসন লাভ করিয়াছে, আমরা সর্ব্বান্তঃকরণে আজ তাঁহাদিগকে ধন্যবাদ করিতেছি। আশা করি তাঁহাদের ঐকান্তিকী কামনায় এই জবাকুসুম প্রতিষ্ঠান আয়ুর্ব্বেদোক্ত চিকিৎসাকে জগজ্জনমান্য করিয়া তুলিতে পারিবে।

সি, কে, সেন এণ্ড কোং লিঃ—কলিকাতা।

বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।



সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৴০। ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

মৃতের জীবন ঃ—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৴০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৴০

প্রাপ্তিস্থান ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

সাধনা ঔষধালয়-ঢাকা
বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি

পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী
এম-এ, এফ-সি-এস (লণ্ডন), এম-এস-সি (আমেরিকা)
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্ন-দোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রক্ত ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!
সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।
সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৴০ কমিশন বাদ

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।